জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান উপদেষ্টার কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০৯২.৯৯.০০১.২৪-১২

তারিখ ২৪ অগ্রহায়ণ ১৪৩১
০৯ ডিসেম্বর ২০২৪

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)-এর দপ্তর
ডায়েরী নং ৪৫
তারিখ
যুগ্মসচিব

পরিপত্র

বিষয়: বিদেশ ভ্রমণ সংক্রান্ত নির্দেশনা।

বিদেশ ভ্রমণ সংক্রান্ত ইতোপূর্বের আদেশ ও নির্দেশনা সম্বলিত পরিপত্রের অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণের জন্য এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো যাচ্ছেঃ

১. সাধারণভাবে বিদেশ ভ্রমণ নিরুৎসাহিত করা হবে।

২. বছরের সম্ভাব্য বিদেশ ভ্রমণের একটা তালিকা জানিয়ে রাখতে হবে।

৩. বিদেশ ভ্রমণের জন্য মন্ত্রণালয়ভিত্তিক Data base তৈরি করতে হবে। প্রধান উপদেষ্টার অফিস কর্তৃক এর কাঠামো তৈরি করে দেবে এবং এর তথ্য সংরক্ষণ করবে।

৪. সকল স্তরের সরকারি কর্মকর্তাগণ একাধারে বিদেশ ভ্রমণ পরিহার করবেন।

৫. মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় উপদেষ্টা ও সচিব একসঙ্গে বিদেশ ভ্রমণ সাধারণভাবে পরিহার করবেন। তবে জাতীয় স্বার্থে অনুরূপ ভ্রমণ একান্ত অপরিহার্য হলে তেমন অপরিহার্যতার বিষয় সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

৬. মন্ত্রণালয়ের সচিব ও অধীনস্থ অধিদপ্তর বা সংস্থা প্রধানগণ একান্ত অপরিহার্য জাতীয় স্বার্থ ব্যতিরেকে একসঙ্গে বিদেশ ভ্রমণে যাবেন না।

৭. বিদেশে অনুষ্ঠিতব্য সেমিনার/ওয়ার্কশপ ইত্যাদিতে অংশগ্রহণের জন্য মাননীয় উপদেষ্টা ও সচিব পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণের প্রস্তাবের ক্ষেত্রে আমন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক কোন পর্যায়ের কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হয়েছে এবং অপরাপর অংশগ্রহণকারী দেশ থেকে কোন পর্যায়ের কর্মকর্তাগণ তাতে অংশ নিচ্ছেন তেমন তথ্য সন্নিবেশ করবেন।

৮. বিদেশ ভ্রমণের প্রস্তাব পেশকালে উক্ত ভ্রমণের প্রয়োজনীয়তা এবং প্রস্তাবিত কর্মকর্তার ঐ কার্যক্রমে সংশ্লিষ্টতা ও উপযোগিতার বিষয় উল্লেখ থাকতে হবে।

৯. কেনা-কাটা, প্রি-শিপমেন্ট ইন্সপেকশন কিংবা ফ্যাক্টরি অ্যাকসেপ্ট্যান্স টেস্ট ইত্যাদির ক্ষেত্রে কেবলমাত্র সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রেরণের বিষয় বিবেচনা করতে হবে।

১০. সরকারি অর্থে কম প্রয়োজনীয় ভ্রমণ অবশ্যই পরিহার করতে হবে।

১১. সকল স্তরের সরকারি কর্মকর্তাগণ বিদেশে বিনোদন ভ্রমণ পরিহার করবেন।

১২. সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ দীর্ঘমেয়াদি শিক্ষা ছুটিতে যাওয়া পরিহার করবেন।

১৩. বিদেশ ভ্রমণের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে প্রস্তাবিত কর্মকর্তার পূর্ববর্তী এক বছরের বিদেশ ভ্রমণ বৃত্তান্ত সংযুক্ত করতে হবে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-প্রশাসন-১ সংস্থাপন
ডাইরী নং ৩৭৮
তারিখ ১২/১২/২৪

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
ডাইরী নং ৮৭৮ তারিখ: ১২/১২/২৪
প্রশাসন
প্রশাসন ও সংস্থাপন/বাজেট/প্রশিক্ষণ/সেবা/সংসদ/সমন্বয়/আইসিটি শাখা
অতিঃ সচিব (প্রশাঃ ও অঃ)

(এম সিরাজ উদ্দিন মিয়া)
মুখ্য সচিব
ফোন: ৫৫০২৯৪০৮

শিক্ষা সচিবের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নির্দেশনা/ব্যবস্থা
১২৪০
১০/১২/২৪ ১০/১২/২৪

১২.১২.২০২৪

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সিনিয়র সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।

০৩। সিনিয়র সচিব (সকল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা মন্ত্রণালয়/বিভাগ।

০৪। সচিব (সকল) ..... মন্ত্রণালয়/বিভাগ।

০৫। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব (সকল) ..... মন্ত্রণালয়/বিভাগ।